

## বন্যায় ক্ষতিগ্রস্ত ৯ হাজার প্রাথমিক বিদ্যালয় মেরামতে ব্যয় হবে ১১৮ কোটি টাকা

৯ নাজমুল হুসান

দুর্ভাগ্য বন্যায় ক্ষতিগ্রস্ত দেশের প্রায় ৯ হাজার প্রাথমিক বিদ্যালয় পুনর্নির্মাণ ও মেরামতে ১১৮ কোটি ১৪ লাখ টাকা ব্যয় হবে। এ কাজ শেষ করতে সময় লাগবে দেড় বছর। এবারের বন্যায় ২০৫টি প্রাথমিক বিদ্যালয় সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে ৮ হাজার ৬৮৬টি প্রাথমিক বিদ্যালয়। এসব বিদ্যালয়ের আসবাবপত্রও আংশিক বা সম্পূর্ণ নষ্ট হয়েছে। বন্যায় পরবর্তীকালে স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর ও প্রাথমিক শিক্ষা অধিদফতর বন্যায় প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্ষয়ক্ষতি নিরূপণের লক্ষ্যে একটি জরিপ পরিচালনা করে। এই জরিপেই প্রাথমিক বিদ্যালয়সমূহের ক্ষয়ক্ষতির এই চিত্র পাওয়া যায়। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, গত এক ঘণ্টা দেশে একসঙ্গে এত বিপুলসংখ্যক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়নি।

বিদ্যালয়সমূহ পুনর্নির্মাণ ও মেরামতের জন্য প্রয়োজনীয় অর্থের শতকরা ৮০ ভাগ অর্থাৎ ৯৫ কোটি ১৫ লাখ ৬০ হাজার টাকা বিভিন্ন দাতাসংস্থার নিকট থেকে পাওয়া যাবে বলে সর্বশেষ প্রকল্প প্রস্তাবে উল্লেখ করা হয়েছে। ইতিমধ্যে সরকারের পক্ষ থেকে এই অর্থ প্রাপ্তির জন্য বিভিন্ন দাতা সংস্থার সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। তবে এখন পর্যন্ত এই অর্থ প্রাপ্তির কোন নিশ্চয়তা পাওয়া যায়নি। প্রকল্পের শতকরা ২০ ভাগ অর্থাৎ ২২ কোটি ৯৮ লাখ ৪০ হাজার টাকার সংস্থান করবে বাংলাদেশ সরকার। আগামী বছরের ১ জানুয়ারী সম্পূর্ণ বিধ্বস্ত প্রাথমিক বিদ্যালয়সমূহ পুনর্নির্মাণ ও আংশিক ক্ষতিগ্রস্ত বিদ্যালয়সমূহ মেরামতের কাজ শুরু হবে। শেষ হবে ২০০৯ সালের জুন মাস নাগাদ।